DHUPGURI SCIENCE CLUB: Dhupguri , Jalpaiguri

For assistance, please call Partha Ghosh, Dept of Physics @ 9832337899

MP Mock Test 2026

১। সঠিক উত্তরটি বেছে নিয়ে লেখো ঃ- ১×২০=২০

১.১ 'ইতিহাস হল মানবমুক্তির ক্রমবিকাশের কাহিনী'-উক্তিটি হল—ক) ই এইচ কার খ) জে. বি. বিউরি গ) লর্ড অ্যাকটন ঘ) মার্ক ব্লক।

১.২ বাংলা ভাষায় প্রথম নির্বাক ছবিটি হল—ক) বিল্বমঙ্গল খ) দেনাপাওনা গ) জামাই ষষ্ঠী ঘ) রাজা হরিশচন্দ্র।

১.৩ কলকাতা বিশ্ববিদ্যালয়ের প্রথম উপাচার্য ছিলেন—
ক) উইলিয়াম কোলভিল খ) লর্ড ক্যানিং গ) গুরুদাস বন্দ্যোপাধ্যায় ঘ) আশুতোষ মুখোপাধ্যায়।

১.৪ বেথুন স্কুল বেথুন কলেজে উন্নীত হয়—ক) ১৮৪৯ খ্রীঃ খ) ১৮৫১ খ্রীঃ গ) ১৮৭৬ খ্রীঃ ঘ) ১৮৭৮ খ্রী।

১.৫ নব্য বৈষ্ণব ধর্মের প্রবক্তা ছিলেন—ক) লালন ফকির খ) শ্রীরামকৃষ্ণদেব গ) বিজয়কৃষ্ণ গোস্বামী ঘ) স্বামী বিবেকানন্দ।

১.৬ 'বাংলার 'নানা সাহেব' নামে পরিচিত—ক) রামতনু লাহিড়ী খ) রামরতন মল্লিক গ) রামরতন রায় ঘ) বিশ্বনাথ সর্দার।

১.৭ পাবনা বিদ্রোহ প্রথম যে পরগণাতে শুরু হয়েছিল—ক) ইউসুফশাহী খ) বাখরগঞ্জ গ) রাজশাহীতে ঘ) ঢাকাতে।

১.৮ ভারতে ইংরেজ ইস্টইণ্ডিয়া কোম্পানীর শাসনের অবসান ঘটে—ক) ১৮৫৭ খ্রীঃ খ) ১৮৫৮ খ্রীঃ গ) ১৯১৯ খ্রীঃ ঘ) ১৯৪৭ খ্রীঃ।

১.৯ ১৮৫৭ খ্রীঃ বিদ্রোহের সময় ইংরেজ রাজত্বকে স্বাগত জানায়—
ক) সমাচার দর্পণ খ) সংবাদ প্রভাকর গ) সমাচার চন্দ্রিকা ঘ) সংবাদ ভাস্কর।

১.১০ ভারত সভার কোন নেতা অসমের চা শ্রমিকদের বিষয়ে লিখেছিলেন—ক) শিবনাথ শাস্ত্রী খ) লালমোহন ঘোষ গ) কৃষ্ণদাস পাল ঘ) দ্বারকানাথ গঙ্গোপাধ্যায়।

১.১১ বাংলা লাইনো টাইপ প্রবর্তিত হয়—ক) ১৭৭৮ খ্রীঃ খ) ১৮৭৮ খ্রীঃ গ) ১৯২৫ খ্রীঃ ঘ) ১৯৩৫ খ্রীঃ।

১.১২ 'বাংলায় ক্যাসটন' নামে পরিচিত—ক) উইলকিনস খ) মার্শম্যান গ) পঞ্চানন কর্মকার ঘ) সুরেশচন্দ্র মজুমদার।

১.১৩ ফ্লাউড কমিশন কোন বিদ্রোহের সঙ্গে যুক্ত—ক) চম্পারন খ) তেভাগা গ) তেলেঙ্গানা ঘ) কুফা।

১.১৪ পি. এন. ঠাকুর কার ছদ্মনাম—ক) রাসবিহারী বসু খ) সুভাষচন্দ্র বসু গ) মানবেন্দ্রনাথ রায় ঘ) অরবিন্দ ঘোষ।

১.১৫ মিরাট ষড়যন্ত্র মামলার প্রতিবাদ জানান—ক) স্ট্যালিন খ) রোমাঁ রোলাঁ গ) গান্ধিজী ঘ) রবীন্দ্রনাথ ঠাকুর।

১.১৬ 'দীনমিত্র' পত্রিকাটি প্রকাশ করেন—ক) জ্যোতিবা ফুলে খ) শ্রীনারায়ণ গুরু গ) বীরসালিঙ্গম ঘ) স্বামী দয়ানন্দ সরস্বতী।

১.১৭ বাংলায় নমঃশূদ্রদেরপ্রথম সংগঠিত করেন—
ক) শ্রীগুরু চাঁদ ঠাকুর খ) শ্রীহরিচাঁদ ঠাকুর গ) প্রমথরঞ্জন ঠাকুর ঘ) কপিলকৃষ্ণ ঠাকুর।

১.১৮ 'লাহোর ষড়যন্ত্র' মামলা শুরু হয়—ক) ১৯০৮ খ্রীঃ খ) ১৯১৩ খ্রীঃ গ) ১৯২৯ খ্রীঃ ঘ) ১৯২৫ খ্রীঃ।

১.১৯ ভারত বিভাজনের 'সীমানা কমিশনের' সভাপতি নিযুক্ত হন—
ক) সিরিল র‍্যাডক্লিফ খ) অ্যাডমিরাল নিমিজ গ) কনরাড কোরফিল্ড ঘ) মাউন্ট ব্যাটেন।

১.২০ 'দি ইণ্ডিয়ান স্ট্রাগল' গ্রন্থটির লেখক হলেন—ক) মহত্মা গান্ধি খ) আবুল কালাম আজাদ গ) জওহরলাল নেহেরু ঘ) সুভাষচন্দ্র বসু।

বিভাগ—খ

২। যে কোনো ষোলটি প্রশ্নের উত্তর দাও ঃ- (প্রতিটি উপবিভাগ থেকে অন্তত একটি প্রশ্নের উত্তর দিতে হবে)। ১×১৬=১৬

উপবিভাগ–২.১

২.১ কে টপ্পাগান প্রবর্তন করেন?

২.২ নারী সংক্রান্ত বিদ্যাকে কী বলা হয়?

২.৩ কোন বাংলা নাটক প্রথম ইংরাজী ভাষায় অনুদিত হয়?

২.৪ রামমোহন রায়কে কোন মুঘল সম্রাট 'রাজা' উপাধি দেন?

উপবিভাগ–২.২

২.২.১ তিন আইন কবে পাশ করেন?

২.২.২ 'ছোট বাউ' ও 'বড়ো বাউ' কি?

২.২.৩ অচল সিং কোন বিদ্রোহের নেতৃত্ব দেন?

২.২.৪ কার নেতৃত্বে 'ভিল বিদ্রোহ' সংঘটিত হয়?

উপবিভাগ–২.৩

২.৩.১ 'ক' স্তম্ভের সাথে 'খ' স্তম্ভ মেলাও ঃ-

'ক' স্তম্ভ	'খ' স্তম্ভ
২.৩.১ বনবিভাগ গঠন	১। ১৯০৮ খ্রীঃ
২.৩.২ খেরওয়ার আন্দোলন	২। ১৯৬৪ খ্রীঃ
২.৩.৩ ছোটনাগপুর প্রজাস্বত্ব আইন	৩। ১৮৭০-৮২ খ্রীঃ
২.৩.৪ দ্বিতীয় পর্বের চুয়াড় বিদ্রোহ	৪। ১৭৯৮-৯৯ খ্রীঃ।

উপবিভাগ–২.৪

(প্রদত্ত ভারতের মানচিত্রে নিম্নসিখিত স্থানগুলি চিহ্নিত ও নামঙ্কিত করো) ঃ-

২.৪.১ মহাবিদ্রোহের প্রথম সূচনা স্থান।

২.৪.২ চার্লস উইলকিন্সের ছাপাখানা প্রতিষ্ঠা কেন্দ্র চুঁচুড়া।

২.৪.৩ ব্রিটিশ ভারতে সর্বাধিক বৃহৎ দেশীয় রাজ্য।

২.৪.৪ দেশীয় রাজ্য জুনাগড়।

উপবিভাগ–২.৫

২.৫.১ বিবৃতি ঃ ভারতের জাতিয়তাবোধের বিকাশে 'ভারত সভার' ভূমিকা বিশেষ গুরুত্বপূর্ণ।

ব্যাখ্যা ঃ ক) এই সভার মাধ্যমেই ভারতবাসীর বিভিন্ন দাবি-দাওয়া তুলে ধরার ব্যবস্থা করা হয়।

খ) এই সভার মাধ্যমে বিভিন্ন সম্প্রদায়ের মানুষকে ঐক্যবদ্ধ করে গণ আন্দোলন গড়ে তোলার ব্যবস্থা হয়।

গ) এই সভার সদস্যরা ব্রিটিশ শাসনের অবসানের জন্য সক্রিয় হয়ে উঠে।

২.৫.২ বিবৃতি ঃ উনিশ শতকে বিকল্প শিক্ষানীতি গড়ে উঠেছিল।

ব্যাখ্যা ঃ ক) প্রাচ্য শিক্ষা ব্যবস্থাকে উন্নত করার জন্য।

খ) পাশ্চাত্য শিক্ষা ব্যবস্থাকে উন্নত করার জন্য।

গ) বিজ্ঞান ও কারিগরি শিক্ষার উন্নতির জন্য।

২.৫.৩ বিবৃতি ঃ শ্রমিক আন্দোলনের ইতিহাসে স্বদেশি আন্দোলন ছিল একটি বিশেষ দিক চিহ্ন।

ব্যাখ্যা ঃ ক) স্বদেশি আন্দোলন ছিল শ্রমিক আন্দোলনের সূচনাকাল।

ব্যাখ্যা ঃ খ) স্বদেশি আন্দোলন শ্রমিকদের দ্বারাই ভয়ঙ্কর হয়ে উঠে।

ব্যাখ্যা ঃ গ) স্বদেশি আন্দোলনে শ্রমিকদের জন্য বেশি কর্মসূচী গৃহীত হয়।

২.৫.৪ বিবৃতি ঃ ১৯৪২ খ্রীঃ ভারতছাড়ো আন্দোলনে কমিউনিষ্টরা যোগদান করেনি।

ব্যাখ্যা ঃ ক) দ্বিতীয় বিশ্বযুদ্ধে মিত্রশক্তির প্রতি কমিউনিষ্টদের সমর্থন ছিল।

ব্যাখ্যা ঃ খ) মিরাট ষড়যন্ত্র মামলায় কংগ্রেস সোচ্চার হয়নি বলে ভারতছাড়ো আন্দোলনকে কমিউনিষ্টরা সমর্থন করেনি।

ব্যাখ্যা ঃ গ) দূর্বলতাজনিত কারণে কমিউনিষ্টরা এতে যোগ দেননি।

বিভাগ–"গ"

৩। দুটি অথবা তিনটি বাক্যে নিম্নলিখিত প্রশ্নগুলির উত্তর দাও ঃ- (যে কোনো ১১টি) ২×১১=২২

৩.১ স্থানীয় ইতিহাস চর্চার দুটি গুরুত্ব লেখ।

৩.২ চিপকো আন্দোলন কি?

৩.৩ 'হুতোম প্যাঁচার নকশা' গ্রন্থে বাবু সমাজের কি পরিচয় পাওয়া যায়?

৩.৪ কবে কি উদ্দেশ্যে 'হিন্দ কলেজ' স্থাপিত হয়?

৩.৫ 'বিদ্রোহ' বলতে কি বোঝ?

৩.৬ মঙ্গল পাণ্ডে কেন স্মরণীয়?

৩.৭ ১৮৫৭ খ্রীঃ বিদ্রোহের প্রতি শিক্ষিত মধ্যবিত্ত শ্রেণীর মনোভাব কি ছিল?

৩.৮ কে কি উদ্দেশ্যে 'কলকাতা স্কুল বুক সোসাইটি' স্থাপন করেন?

৩.৯ গঙ্গাকিশোর ভট্টাচার্য কেন স্মরণীয়?

৩.১০ তিন কাঠিয়া প্রথা কি?

৩.১১ একা আন্দোলন শুরু হয় কেন?

৩.১২ মোপলা বিদ্রোহ কি?

৩.১৩ ‘ধরসানার সত্যাগ্রহ’ কি?

৩.১৪ সরলাদেবী চৌধুরাণী কেন স্মরণীয়?

৩.১৫ কাকে, কেন ‘উদবাস্তুদের বন্ধু’ বলা হয়?

৩.১৬ আজাদ কাশ্মীর কি?

বিভাগ—“ঘ”

৪। সাত বা আটটি বাক্যে যে কোনো ছয়টি প্রশ্নের উত্তর দাও ঃ- ৪×৬=২৪

উপবিভাগ—ঘ-১

৪.১ আধুনিক ইতিহাস চর্চায় সরকারি নথীপত্রের ভূমিকা কি ছিল?

৪.২ জাতিয়তাবোধ বিকাশে ‘হিন্দু পেট্রিয়ট’ পত্রিকার ভূমিকা ছিল।

উপবিভাগ—ঘ-২

৪.৩ তারিখ ই-মহম্মদীয়ার মূল ভাবধারা মুসলিম সমাজে কীভাবে জাতিয়তাবোধের উৎস ঘটায়?

৪.৪ বঙ্গভাষা প্রকাশিকা সভাকে প্রথম রাজনৈতিক প্রতিষ্ঠান বলা হয় কেন?

উপবিভাগ—ঘ-৩

৪.৫ বিজ্ঞান শিক্ষা প্রসারে বসু বিজ্ঞান মন্দির এর ভূমিকা কি ছিল?

৪.৬ টীকা লিখ ঃ প্রাচ্য পাশ্চাত্য দ্বন্দ্ব।

উপবিভাগ—ঘ-৪

৪.৭ হায়দ্রাবাদ কিভাবে ভারতমুক্ত হয়?

৪.৮ পাঞ্জাব ও বাংলার উদবাস্তু সমস্যার পার্থক্য কি ছিল?

বিভাগ—“ঙ”

৫। পনেরো-ষোলটি বাক্যে উত্তর দাও ঃ- (একটি) ৮×১=৮

৫.১ নীল বিদ্রোহের কারণ ও ফলাফল বর্ণনা করো। ৫+৩

৫.২ মহাবিদ্রোহের প্রকৃতি বিশ্লেষণ করো।

৫.৩ অসহযোগ আন্দোলনে কৃষকদের ভূমিকা বিশ্লেষণ করো।

Dhupguri Science Club

(Registered Space Tutor of ISRO)

Dhupguri Science Club 1
(Registered Space Tutor of ISRO)
WhatsApp group

Dhupguri Science Club 2
(Registered Space Tutor of ISRO)
WhatsApp group

Scan this QR code using the WhatsApp camera to join Dhupguri Science Club WhatsApp group

মাধ্যমিক 2026 পরীক্ষার্থীদের পাশে থাকার লক্ষ্যে

সহায়তা শিবির

DATE : 04.01.2026 (রবিবার) : TIME : 10AM ; VENUE : ধূপগুড়ি হাই স্কুল , ধূপগুড়ি , জলপাইগুড়ি

পরিচালনায় : DHUPGURI SCIENCE CLUB , ধূপগুড়ি ,জলপাইগুড়ি

Scan this QR code using the WhatsApp camera to join Dhupguri Science Club WhatsApp group

Dhupguri Science Club 1
(Registered Space Tutor of ISRO)
WhatsApp group

For Assistance WhatsApp : 9832337899